



মদিনাতুল উলুম মডেল ইনস্টিটিউট ফাজিল (ডিগ্রি) মাদ্রাসা

নাইক্ষ্যংছড়ি উপজেলা সদর, বান্দরবান পার্বত্য জেলা

স্থাপিত : ০১/০১/১৯৯০ খ্রিঃ।

★ EIIN-103132 ★ E-mail-m103132@yahoo.com. ★ Madrasah Code : 19754

website : www.mumiam.edu.bd.

Mobile : Self- 01818-906-995 # Self- 01559-482-920 # Office- 01612-917-106 # Office- 01309-103-132



স্মারক নং-মউমইফামা/সাত-০১.০১/২৫৭/২০২৩/৫০০৭

তারিখ : ২২/১০/২০২৩ খ্রিঃ


-অফিস আদেশ-

অত্র মাদ্রাসার সম্মানিত সকল শ্রেণি শিক্ষক ও বিষয় শিক্ষকগণের এবং সংশ্লিষ্ট সকল শ্রেণির ছাত্র-ছাত্রীদের কার্যার্থে জানান যাচ্ছে যে,

১) শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনার প্রেক্ষিতে দেশের বেসরকারী মাদ্রাসা সমূহের জন্য শিক্ষা মন্ত্রণালয় নিয়ন্ত্রণাধীন মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক ঘোষিত সময় সূচি অনুযায়ী অত্র মাদ্রাসার ইবতেদায়ী ও দাখিল স্তরের বার্ষিক পরীক্ষা'২০২৩ আগামী ১২ নভেম্বর'২০২৩ হতে অনুষ্ঠেয় হবে। উক্ত পরীক্ষা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে গ্রহণ ও ফলাফল প্রস্তুতের লক্ষ্যে ইতোমধ্যে পরীক্ষা পরিচালনা কমিটি গঠন পূর্বক কার্যাদেশ প্রদান করা হয়েছে। গঠিত কমিটিকে পরীক্ষার রুটিন অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট সকলকে পরীক্ষা কাজে সহায়তার জন্য অনুরোধ করা হলো। অধিকন্তু যে সব শ্রেণিতে এখনও সিলেবাস ভিত্তিক পাঠদান কার্যক্রম সম্পন্ন হয়নি কিংবা সিলেবাস পূরোপূরি অনুসরণ করা হয়নি সে সব শ্রেণিতে পাঠ্য বিষয়ের সিলেবাস ভিত্তিক যথাসম্ভব পাঠদান কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

২। শিক্ষাবর্ষ'২০২৩ এর বিভাজিত শ্রেণী ভিত্তিক নির্ধারিত সকল প্রকার ফিঃ অনুপস্থিতির জরিমানাসহ শিক্ষার্থীদেরকে (অত্র মাদ্রাসার শিক্ষক-কর্মচারীর সন্তান এবং কোন দম্পতির মাদ্রাসা পড়ুয়া একাধিক শিক্ষার্থীর যে কোন একজন থেকে সেশনসহ ভর্তি ফিঃ ও মাসিক বেতন ৫০% আদায় সাপেক্ষে অধ্যয়নের সুযোগ থাকবে, তদুপরি পাবলিক পরীক্ষায় বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীর কেবল মাসিক বেতন ফ্রি থাকবে) আগামী ১০/১১/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট সম্মানিত শ্রেণি শিক্ষকগণের সার্বিক সহযোগিতায় মাদ্রাসার অফিস সহকারী কাম হিসাব সহকারীর নিকট রশিদ মূলে আদায় করতে হবে।

৩। সকল শিক্ষার্থীকে ভর্তি ফরমের শর্তানুযায়ী অবশ্যই ইউনিফর্মসহ পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে হবে। কোন অবস্থাতেই এর ব্যত্যয় ঘটানো যাবে না। পরীক্ষার্থীকে প্রবেশ পত্রের সকল শর্তাদি প্রতিপালন করতে হবে। প্রবেশ পত্র ব্যতিরেকে কোন শিক্ষার্থী পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাবে না। এ ব্যাপারে পরীক্ষা কেন্দ্রে দায়িত্ব পালনকারী কক্ষ প্রত্যবেক্ষকগণ প্রয়োজনীয় নির্দেশনা বাস্তবায়ন করবেন। পরীক্ষান্তে ফলাফলোত্তর বর্তমান রোল নম্বর পরিবর্তন হয়ে যাবে এবং ডিজিটাল পদ্ধতিতেই চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হবে। কোন শিক্ষার্থী আদেশের ব্যত্যয় ঘটালে পরীক্ষা পরিচালনা কমিটিকে অধ্যক্ষের গোচরীভূত করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।


(মাওঃ মোহাম্মদ সৈয়দ হোসাইন)

অধ্যক্ষ

মদিনাতুল উলুম মডেল ইনস্টিটিউট ফাজিল (ডিগ্রি) মাদ্রাসা
নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।

☎ ০১৮১৮৯০৬৯৯৫/০১৫৫৯৪৮২৯২০

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

- ১। সিনিয়র সচিব, শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশিবাজার, ঢাকা-১২১১।
- ৪। জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
- ৬। জেলা শিক্ষা অফিসার, বান্দরবান পার্বত্য জেলা।
- ৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
- ৮। জনাব আলহাজ্ব আব্দুর রহমান, সভাপতি, নির্বাহী কমিটি, অত্র মাদ্রাসা, নাইক্ষ্যংছড়ি উপজেলা সদর, বান্দরবান।
- ৯। জনাব.....সদস্য (সকল), নির্বাহী কমিটি, অত্র মাদ্রাসা, নাইক্ষ্যংছড়ি উপজেলা সদর, বান্দরবান।
- ১০। সংশ্লিষ্ট নথি।